



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.৯৯.১৫.২৩;

২৬৯৮২/২০

তারিখ: ১৩/০৮/২০২৩

বিষয়: সারাদেশে রোগ প্রতিরোধে সিটি কর্পোরেশন ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার কার্যক্রম পর্যালোচনার জন্য অনুষ্ঠিত ২০২৩ খ্রিষ্টাব্দের ৩য় আন্তঃ মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬.২০৮; তারিখ: ০৬/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ১৯ জুলাই ২০২৩ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. সকল শিক্ষা প্রতিষ্ঠানের আজিানা ও চারপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি, শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয়ে প্রচারণার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করতে হবে।
২. সকল সরকারি, আধা সরকারি অফিস/আবাসিক এলাকা যার যার নিজ দায়িত্বে পরিষ্কার করবেন। প্রয়োজনে সিটি কর্পোরেশনের সহযোগিতা নিতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত সিদ্ধান্ত তাঁর দপ্তর/অঞ্চলের আওতাধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৫০০৬৮

ad-admin@dshe.gov.bd

বিতরণ:

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৩) পরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা ( বিষয়টি মনিটরিং করার অনুরোধসহ)
- ৪) অধ্যক্ষ, সরকারি/ বেসরকারি কলেজ/সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (সকল);
- ৫) জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৬) প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (মাউশি'র ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
- ৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ১০) সংরক্ষণ নথি।